# আল-কুরআনিক রুকইয়াহ হিলিং

রাকী ফয়সাল আহমেদ সাবিত

কুমিল্লা মেডিকেল কলেজ (Cumilla Medical College)

Whatsapp/Telegram: ০১৮৮৬৬০৮৯৯৯

## বদনজর ও হাসাদ বের করার রুকইয়াহ

এই রুকইয়াহটি জিন ও শয়তানের বদনজর (Evil Eye) এবং হিংসা (Envy) নষ্ট করার জন্য অত্যন্ত কার্যকর। বিশেষ করে কুরআনের "আইন" (চোখ/ঝর্ণা) সম্পর্কিত আয়াতগুলোর তকরার বা রিপিটেশন শরীরের ভেতর লুকিয়ে থাকা নজরকে বের করে আনে।

### ১ প্রারম্ভিক সুরক্ষা ও তিলাওয়াত

শরীরের প্রস্তুতি ও সুরক্ষার জন্য

রুকইয়াহর শুরুতে সূরা ফাতিহা, আয়াতুল কুরসি, সূরার বাকারার শুরু ও শেষ, এবং ৩ কুল (ইখলাস, ফালাক, নাস) ৩ বার করে পাঠ করুন। এরপর সূরা জিনের প্রথম ২ আয়াত পাঠ করুন:

قُلْ أُوحِيَ إِلَيَّ أَنَّهُ اسْتَمَعَ نَفَرٌ مِّنَ الْجِنِّ فَقَالُوا إِنَّا
سَمِعْنَا قُرْآنًا عَجَبًا (1) يَهْدِي إِلَى الرُّشْدِ فَآمَنَّا بِهِ ۖ وَلَن

نُّشْرِكَ بِرَبِّنَا أَحَدًا (2)

২ বদনজর ও হিংসা ধ্বংসের দুয়া

জিনের তৈরি গিঁট ও নজর ধ্বংসের জন্য

بِسْمِ اللهِ وَبِكَلِمَاتِهِ أَبْطَلْتُ عَيْنَ الْجَانِّ وَالشَّيَاطِينِ

অর্থ: আল্লাহর নামে এবং তাঁর কালামের মাধ্যমে আমি জিন ও শয়তানের বদনজর বাতিল করলাম।

بِسْمِ اللهِ احْتَرَقَتْ كُلُّ عَيْنٍ مِنْ جِنِّيٍّ أَوْ شَيْطَانٍ

অর্থ: আল্লাহর নামে জিন বা শয়তানের প্রতিটি নজর জ্বলে পুড়ে ছাই হয়ে যাক।

৩ "আইন" (চোখ) আয়াতের তকরার (রিপিটেশন)

সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ (শরীরের ভেতর থেকে নজর বের করা)

১. সূরা আর-রহমান, আয়াত ৫০: (৩ মিনিট রিপিট করুন)

فِيهِمَا عَيْنَانِ تَجْرِيَانِ

অর্থ: উভয় উদ্যানে রয়েছে প্রবহমান দুটি ঝর্ণা (চোখ)।

২. সূরা আর-রহমান, আয়াত ৬৬: (৩.৫ মিনিট রিপিট করুন)

> فِيهِمَا عَيْنَانِ نَضَّاخَتَانِ

অর্থ: উভয় উদ্যানে রয়েছে উথলে ওঠা দুটি ঝর্ণা।

৩. সূরা ইয়াসিন, আয়াত ৩৪: (বন্ধন ছিঁড়ে ফেলার নিয়তে)

> وَفَجَّرْنَا فِيهَا مِنَ الْعُيُونِ

অর্থ: এবং আমি তাতে (জমিনে) ঝর্ণাসমূহ প্রবাহিত করেছি।

## ৪ জিনকে বন্দি করার আয়াত

জিন বা শয়তানকে শিকলবন্দি করার জন্য

সূরা গাফির (মুমিন), আয়াত ৭১: (৩.৫ মিনিট বারবার পাঠ করুন)

> إِذِ الْأَغْلَالُ فِي أَعْنَاقِهِمْ وَالسَّلَاسِلُ يُسْحَبُونَ

অর্থ: যখন তাদের গলায় থাকবে বেড়ী এবং শিকল, তাদেরকে টেনে নিয়ে যাওয়া হবে।

## রুকইয়াহ চলাকালীন প্রতিক্রিয়া (Symptoms)

শোনার সময় যদি নিম্নলিখিত প্রতিক্রিয়াগুলো হয়, তবে বুঝতে হবে:

- চোখ দিয়ে পানি পড়া বা হাই তোলা: প্রবল বদনজর বের হয়ে যাচ্ছে।
- শরীরে সুঁই ফোটানোর মতো অনুভূতি: জিনের নজর বা হাসাদ দগ্ধ হচ্ছে।
- পেটে মোচড় দেওয়া: খাওয়ানো জাদুর প্রভাব নষ্ট হচ্ছে।

এই রুকইয়াহ তিলাওয়াত শোনার সময় চোখ বন্ধ রাখা এবং পূর্ণ মনোযোগ দেওয়া জরুরি।

মদিনাতুল ইলম চ্যানেলের 'বদনজর ও হাসাদ' রুকইয়াহর আদলে সংকলিত।

AL QURANIC RUQYAH HEALING